

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়  
ময়মনসিংহ।

আমন/২০২৩-২০২৪ এর আওতায় সিদ্ধ চালের পুন:বরাদ্দ আদেশ

খাদ্য মন্ত্রণালয়ের জারীকৃত অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ এর আওতায় খাদ্য অধিদপ্তরের ১৯/১১/২০২৩ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৫.০০৫.২৩.২৪৬ স্মারক এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহের ২০/১১/২৩ তারিখের ১৩.০১.০০০০.০০০.৫১.০২৩.২৩. ৭৯৬ নং স্মারক এবং পরবর্তীতে এ সংক্রান্ত জারীকৃত আদেশ সমূহ চুক্তির শর্ত মোতাবেক ময়মনসিংহ জেলায় প্রাপ্ত আমন সিদ্ধ চালের লক্ষ্যমাত্রা হতে সংশ্লিষ্ট উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক প্রদত্ত পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অনুযায়ী নিম্নোক্ত মিলের পার্শ্বে উল্লেখিত পরিমাণ চাল তাদের প্রাপ্যতা অনুযায়ী অনুপাতিক হারে বরাদ্দ বিভাজন করে চুক্তিপত্র সম্পাদনের মাধ্যমে বরাদ্দ প্রদান করা হয়। মিল মালিক বরাদ্দকৃত চাল সংযুক্ত কেন্দ্রে বুকিয়ে দিয়ে পুনরায় চাল বরাদ্দের জন্য সংশ্লিষ্ট কর্মকর্তাগণের মাধ্যমে আবেদন করেছেন। মিল মালিকের আবেদন অত্র দপ্তরের ২৩/১২/২৩ তারিখের ১৩.০১.৬১০০.০০৫.৪৫.৫৯৮.২৩.৩১৪৩ নং স্মারকে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহে প্রেরণ করা হয়। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ময়মনসিংহের ২৪/১২/২৩ খ্রি. তারিখে ১৩.০১.০০০০.০০০.৫১.০২৩.২৩.৮৮৯ নং স্মারকে ১০ টি মিলে ৪৩৬.৩৬০ মে.টন চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়। মিলারের আবেদন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ হতে প্রাপ্ত ৪৩৬.৩৬০ মে.টন সিদ্ধ চালের অতিরিক্ত বরাদ্দ আবেদনকৃত ১০ টি মিলের আবেদনকৃত পরিমাণ অনুযায়ী বিভাজন করে মিলের পার্শ্বে উল্লেখিত পরিমাণ চাল পুন:বরাদ্দ প্রদান করা হলো। মিলারগণকে বিনির্দেশ মোতাবেক চাল গুদামে সরবরাহ করতে হবে। মিলারের সাথে সকল প্রকার কার্যক্রম সংশ্লিষ্ট সংগ্রহ নীতিমালা এ সংক্রান্ত অন্যান্য নির্দেশনা ও চুক্তি মোতাবেক পরিচালিত হবে এবং মিলারের নিজস্ব ব্যাংক হিসাবে মূল্য পরিশোধ করতে হবে।

ক্র নং	মিলের নাম ও ঠিকানা	চুক্তি নং	চুক্তির পরিমাণ		বরাদ্দনুযায়ী যে কেন্দ্র হতে মিলার খালিবস্তা গ্রহণ এবং সিদ্ধ চাল সরবরাহ করবেন তার নাম	পুন:বরাদ্দের পরিমাণ (মে.টনে)	সিদ্ধ চাল সরবরাহের মেয়াদ
			বস্তা	চাল (মে.টনে)			
১।	মে/ইসমাইল অটো রাইস মিল প্রো.- মো: ইসাক মিয়া, মারিয়াকান্দি, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।	০২	২০০০	৩২০.০১০	ঈশ্বরগঞ্জ এলএসডি-১, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।	২০২.১১০	১৪/০১/২৪

খাদ্যশস্য সম্বন্ধিত সংগ্রহ নীতিমালা মোতাবেক এবং সম্পাদিত চুক্তিপত্রের শর্তানুসারে বরাদ্দকৃত চাল সরবরাহ করতে হবে। কোন অবস্থাতেই নিম্নমানের এবং সরকারী বিনির্দেশ পরিপন্থী চাল সংগ্রহ করা যাবে না। সরকারী বিনির্দেশের পরিপন্থী চাল ক্রয় করা হলে সংশ্লিষ্ট ক্রয়কারী ও মূল্য পরিশোধকারী কর্মকর্তা দায়ী থাকবেন। খাদ্য পরিদর্শক/ উপ-খাদ্য পরিদর্শক কর্তৃক মিলে চাল উৎপাদিত হয়েছে এই মর্মে ক্রয়কারী কর্মকর্তাকে প্রত্যয়ন পত্র গ্রহণ করতে হবে। নির্দিষ্ট সময়ের মধ্যে বিনির্দেশ মোতাবেক সরকারী গুদামে চাল সরবরাহ করতে ব্যর্থ হলে সরকারী নির্দেশনা এবং চুক্তিপত্রের শর্তানুসারে মিলারের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। মিলারকে বরাদ্দ অনুযায়ী চুক্তি পত্রে উল্লেখিত পরিমাণ বস্তা সরবরাহ করতে হবে।

স্বাক্ষর:-

(মো: আব্দুল কাদের)  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ময়মনসিংহ।

তারিখ ৩১/১২/২০২৩ খ্রি.

স্মারক নং ১৩.০১.৬১০০.০০৫.৪৫.০০০.২০.৩১৯৮(১০)

সদয় অবগতি /প্রয়োজনীয় কার্যক্রমের জন্য অনুলিপি দেয়া হলো -

- ১) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ২) জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ৩) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ময়মনসিংহ।
- ৪) উপজেলা নির্বাহী অফিসার,....., ময়মনসিংহ।
- ৫) ব্যবস্থাপক, ময়মনসিংহ সিএসডি।
- ৬) উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, ....., ময়মনসিংহ।
- ৭) সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ঈশ্বরগঞ্জ এলএসডি-১, ঈশ্বরগঞ্জ, ময়মনসিংহ।
- ৮) ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..... এলএসডি, ময়মনসিংহ।
- ৯) মেসার্স..... রাইস মিল প্রো.-....., ময়মনসিংহ।
- ১০) অফিস কপি।

  
জেলা খাদ্য নিয়ন্ত্রক  
ময়মনসিংহ।